



SWIS-H
STATEWIDE INFANT
SCREENING - HEARING



কেন আমার শিশুকে সরাসরি রোগ নির্ণায়ক মূল্যায়নের জন্য রেফার করা হয়েছে?

আপনার শিশুর জীবনের প্রথম কয়েক সপ্তাহে ধারাবাহিক কতকগুলো স্বাস্থ্য পরীক্ষা করানো হবে। এগুলোর মধ্যে একটি থাকবে শ্রবণহীনতা।

জন্মের পর যত তাড়াতাড়ি সম্ভব আপনার শিশুর শ্রবণশক্তি স্ক্রিনিং করা হবে। তবে, কিছু শিশুর ক্ষেত্রে স্ক্রিনিং প্রয়োজ্য নয় কারণ স্ক্রিনিং সেসব ক্ষেত্রে যথাযথ নয়। এই সকল শিশুদের একজন অডিওলজিস্ট, যিনি হেয়ারিং-এ পারদর্শী, সরাসরি রোগ নির্ণায়ক মূল্যায়নের জন্য রেফার করে থাকেন।

কেন আমার শিশুকে সরাসরি রোগ নির্ণায়ক মূল্যায়নের জন্য রেফার করা হয়েছে?

সরাসরি রেফার করার কিছু কারণ:

- এন্ট্রিসিয়া (বহিঃকর্ণ সুড়ঙ্গ অনুপস্থিত)
- মাইক্রোশিয়া (বহিঃকর্ণ অসম্পূর্ণ বা পুরোপুরি তৈরী না)
- জীবানুযুক্ত অথবা ভাইরাল মেনিনজাইটিস (প্রমাণিত বা সন্দেহযুক্ত)
- কাঁটা ঠোঁট/ভালু
- ডাউন সিনড্রোম

শিশুরা যারা নিবিড় পরিচর্যা কেন্দ্রে থাকে তাদেরকেও SWIS-H সমন্বয়কারীগণ পেডিঅ্যাট্রিশিয়ানের সাথে আলোচনা করে সরাসরি রোগ নির্ণায়ক মূল্যায়নের জন্য রেফার করতে পারেন। যদিও ইতিমধ্যে তারা শ্রবণশক্তি স্ক্রিনিং পাস করেছে।

জন্ম নেয়া প্রতি ১০০০ শিশুর মধ্যে একটি বা দু'টি শিশুর গুরুতর শ্রবণহীনতা থাকবে।

আপনার শিশু কত ভালোভাবে শুনতে পারে সেটি যত দ্রুত সম্ভব জানা দরকার যাতে করে আপনি এবং আপনার শিশু সঠিক উপদেশ এবং সাহায্য পেতে পারেন।

যেখান থেকে রেফার করা হয়েছে, সেখান থেকে হাসপাতালের দূরত্ব যদি ১০০ কিলোমিটারের বেশী হয়, তাহলে যিনি আপনাকে এই তথ্যপুস্তিকা দিয়েছেন তাকে SWIS-H ভ্রমণ সহায়তা প্রকল্প সম্পর্কে জিজ্ঞাসা করুন।

যিনি আপনাকে 'কেন আমার শিশুর রোগ নির্ণায়ক মূল্যায়ন প্রয়োজন?' সম্পর্কে তথ্যপুস্তিকা দিয়েছেন তাকে রোগ নির্ণায়ক মূল্যায়ন সম্বন্ধে তথ্যের জন্য জিজ্ঞাসা করুন।

আরো তথ্যের জন্য নিউ সাউথ ওয়েলস্ শিশু এবং পরিবার-এ যোগাযোগ করুন:

<http://www.health.nsw.gov.au/kids-families>

স্থানীয়ভাবে যোগাযোগ/ সাড়াতকারের বিবরণ

স্বাস্থ্য সম্বন্ধীয় উপদেশের জন্য *healthdirect Australia*

<http://www.healthdirect.gov.au/>

অথবা **1800 022 222** নাম্বারে যোগাযোগ করুন

